JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/7/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো জেফারসন কাউন্টি-তে লেক অন্টারিও (LAKE ONTARIO)-এর সম্ভাব্য বন্যার পূর্বাভাস হিসেবে বিভিন্ন উপকরণ মোতায়েন করেছেন

ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security And Emergency Services, DHSES) বন্যা প্রতিরোধে জেফারসন কাউন্টি-তে 100,000 বালির বস্তা এবং দুই স্যান্ডব্যাগার মোতায়েন করেছে

আটটি ক্ষতিগ্রস্থ কাউন্টিতে স্টেট প্রায় 800,000 বালির বস্তা, 15টি স্যান্ডব্যাগার, শত শত পাম্প এবং 920 ফুট অ্যাকোয়াড্যাম মোতায়েন করেছে

প্রস্তুতিমূলক কার্যক্রমে সহায়তা করার জন্য নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ড (New York National Guard)-এর 100 জন সদস্য সক্রিয় আছেন

এছাড়াও গভর্নর কুওমো স্থানীয় সরকারসমূহকে 518-292-2200-এ কল করে এনওয়াই রেস্পন্ডস (NY Responds) বা এনওয়াইএস ওয়াচ সেন্টার (NYS Watch Center)- এ সহায়তার আবেদন করতে উৎসাহতি করেন

পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC)-এর পক্ষ থেকে সাধারণ পারমিট উপকূলের সম্পত্তির মালিকদের জন্য মেরামতি ত্বরান্বিত করতে কার্যকর থাকবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ জেফারসন কাউন্টি-তে লেক অন্টারিও (Lake Ontario)-এর সম্ভাব্য বন্যার পূর্বাভাস হিসেবে বিভিন্ন উপকরণ মোতায়েন করার ঘোষণা করেছেন। কাউন্টিজুড়ে বিভিন্ন জায়গায় 100,000 এর বেশি বালির বস্তা ও দুই স্যান্ডব্যাগার রাখা হয়েছে। আজকের তারিখ পর্যন্ত ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস লেকের সীমানাজুড়ে আটটি কাউন্টিতে 800,000 বালির বস্তা, 15 স্যান্ডব্যাগার, শত শত পাম্প এবং 920 ফুট অ্যাকোয়াড্যাম মোতায়েন করেছে। আজ থেকে প্রস্তুতিমূলক কার্যক্রমে সহায়তা করার জন্য নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ড-এর 100 জন সদস্য সক্রিয় থাকবেন। সেইসাথে পরিবেশ সংরক্ষণ বিভাগ কর্তৃক নিয়োজিত বিশেষজ্ঞগণ স্ব-প্রণোদিত হয়ে জ্বালানী সংরক্ষণের ট্যাঙ্ক ও অন্যান্য অবকাঠামো নিরাপদভাবে সুরক্ষিত রাখা নিশ্চিত করতে মেরিনার ও উপকূলবর্তী বিভাগসমূহ পরিদর্শন করছেন এবং এই বিভাগসমূহকে পানির উচ্চ স্তরের জন্য প্রস্তুত করা হয়েছে।

"যদি প্রতি দুই বছর অন্তর এই বন্যা ঘটতে থাকে তাহলে আসুন অবকাঠামো পরিবর্তনের পরিবর্তে বিনিয়োগ করি, আসুন একটি নতুন ও অপেক্ষাকৃত ভালো অবকাঠামো নির্মাণ করি যা এই নতুন অবস্থাকে নিয়ন্ত্রণ করতে পারে", **গভর্নর কুওমো বলেন।** "আমরা এই চলচিত্রটি 2017 থেকে দেখছি এবং আমরা জানি এটি কীভাবে ঘুরে যায়। ইন্টারন্যাশনাল জয়েন্ট কমিশন (International Joint Commission, IJC) আগাম বেশি পরিমাণে পানি ছেড়ে দিতে হবে - সেটিই সঠিক উত্তর। ইন্টারন্যাশনাল জয়েন্ট কমিশন (IJC)-এ নিউ ইয়র্কের এমনকি একজনও প্রতিনিধি নেই এবং আমি এ ব্যাপারে গত দুই বছর যাবত ফেডারেল সরকারের কাছে অভিযোগ জানিয়ে আসছি। ইন্টারন্যাশনাল জয়েন্ট কমিশন (IJC)-এ কমপক্ষে একজন নিউ ইয়র্কের প্রতিনিধি রাখুন যাতে অন্তত কেউ একজন নিউ ইয়র্কের পরিস্থিতি সম্পর্কে জানতে পারে এবং তা এখনো সম্ভব হলো না - সেজন্য এটি হতাশাজনক, এটি বিরক্তিকর এবং এটি দায়িত্বজ্ঞানহীন কাজ। আমি এখানে শুধু নিউ ইয়র্ক এবং নিউ ইয়র্ককে রক্ষা করার জন্য এসেছি এবং আমার দৃষ্টিতে নিউ ইয়র্ককে ইন্টারন্যাশনাল জয়েন্ট কমিশন (IJC) কর্তৃক আঘাত করা হচ্ছে। এর মধ্যে, স্থানীয় কর্মকর্তাদের কাছে আমার বার্তা খুবই সাধারণ: উপকরণসমূহের ক্ষেত্রে আপনার কী কী প্রয়োজন এবং সপ্তাহের শেষে খুব সম্ভবত যেসব ক্ষতি ঘটতে যাচ্ছে সেগুলো দূরীকরণে আমরা কী করতে পারি সেটি আমাদেরকে জানান।"

গভর্নর লেক অন্টারিও-এর ন্যায় সম্ভাব্য ক্ষতির শিকার হতে যাওয়া আটটি কাউন্টির স্থানীয় কর্মকর্তাদেরকে এনওয়াই রেস্পন্ডস-এ স্থানীয় কর্মকর্তাদের, স্টেটের ওয়েবভিত্তিক সিস্টেম যা স্থানীয় সরকার ও স্টেটের এজেন্সিসমূহ উভয়কে গুরুত্বপূর্ণ জরুরি-পরিস্থিতি সংশ্লিষ্ট তথ্য ও উপকরণের আবেদনসমূহ জমা দেওয়া ও শেয়ার করতে সক্ষম করে, সেখানে প্রয়োজনীয় যেকোনো উপকরণ সরাসরি জমা দিতে কাউন্টি ইমার্জেন্সি ম্যানেজারগণ (County Emergency Managers)-এর সাথে কাজ করার জন্য পুনঃউৎসাহিত করেন। ইমার্জেন্সি ম্যানেজারগণ যদি সেই সময়ে এনওয়াই রেস্পন্ডস-এ প্রবেশ করতে অক্ষম হন তাহলে তারা 518-292-2200 নম্বরে কল করে নিউ ইয়র্ক স্টেট ওয়াচ সেন্টার (New York State Watch Center)-এর মাধ্যমে আবেদন জমা দিতে পারবেন।

উপকূলীয় সীমার সম্পত্তি মালিকগণের বালির বস্তা, অ্যাকোয়াড্যাম বা অন্যান্য উপকরণের প্রয়োজন হলে তারা সরাসরি সহায়তার জন্য তাদের মিউনিসিপ্যালিটি বা কাউন্টি ইমার্জেন্সি ম্যানেজমেন্ট অফিসে যোগাযোগ করবেন। স্টেট উপকূলীয় সীমায় চলমান প্রস্তুতিমূলক কার্যক্রমের পাশাপাশি কাউন্টিসমূহ ও স্থানীয় অংশীদারদের সাথে সরাসরি সহযোগিতা করা অব্যাহত রাখবে যাতে নাগরিক ও ব্যবসার মালিকদের জন্য তাদের সরবরাহের স্টক অব্যাহতভাবে প্রদান করা নিশ্চিত করা যায়। ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস স্থানীয় অংশীদারদের সাথে নিরবিচ্ছিন্ন যোগাযোগ বজায় রাখবে এবং যেকোনো এলাকার প্রয়োজনে অতিরিক্ত বালির বস্তা, স্যান্ডব্যাগার, পাম্প এবং অ্যাকোয়াড্যাম মোতায়েন করার জন্য প্রস্তুত থাকবে।

স্টেট কর্মকর্তাদের সাথে এই সপ্তাহের শুরুতে হওয়া মিটিংয়ে ইন্টারন্যাশনাল জয়েন্ট কমিশন প্রভাব হ্রাস করার জন্য সেন্ট লরেন্স নদীতে রবার্ট মোজেজ-রবার্ট এইচ. সন্ডার্স পাওয়ার বাঁধ (Robert Moses-Robert H. Saunders Power Dam) থেকে জলের প্রবাহ বৃদ্ধি করেছে তাহলেও হ্রদের পানির স্তর গড়ের চেয়ে এক ফুটেরও বেশি রয়েছে এবং এর বৃদ্ধি অবিরত থাকতে পারে।

2017 সালে নিউ ইয়র্কের হাজার হাজার মানুষকে বন্যার সাথে যে লড়াই করতে হয়েছিল তা প্রতিরোধ করতে লেক অন্টারিও সিস্টেম থেকে জলের বহি প্রবাহ সর্বাধিক করার অনুরোধ জানিয়ে এই বছরের গোড়ার দিকে, গভর্নর কুওমো IJC কে লিখেছিলেন। তারপর থেকে, জলের স্তরগুলি স্বাভাবিকের তুলনায় বেশি থেকেছে এবং আগামী সপ্তাহগুলিতে তা বাড়তে পারে বলে আশা করা হচ্ছে, যার ফলে বাড়ির মালিকদের এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলিকে সম্ভাব্য বন্যা থেকে রক্ষা করার জন্য অঞ্চলটিতে স্টেটের সম্পদগুলির সক্রিয় স্থাপনা প্রয়োজন।

বিভাগের সমন্বয়িত প্রচেষ্টা এবং সংস্থান নিয়োগ করা ছাড়াও, গ্রেট লেকস বেসিনে চলতে থাকা স্বাভাবিকের থেকে বেশি বৃষ্টিপাত এবং বরফ গলে যাওয়ার জন্য ওন্টারিও হ্রদ এবং সেন্ট লরেন্স নদীতে জলের স্তর বেড়ে যাওয়ার কারণে সম্ভাব্য ক্ষতির প্রভাবগুলি দূর করতে গভর্নর কুওমো স্টেটের পরিবেশ সংরক্ষণ দপ্তরকে একটি জেনারেল পার্মিট ইস্যু করার নির্দেশ দিয়েছেন। ডিজেস্টার ইমার্জেন্সি কমিটি (Disasters Emergency Committee, DEC)-এর কমিশনার কর্তৃক ইস্যু করা জরুরি ঘোষণা (Emergency Declaration) ভিত্তিক এই পারমিট, উপকূলবর্তী সম্পত্তির মালিকদের বন্যার কারণে ক্ষতিগ্রস্ত হওয়া তাদের সম্পত্তির দ্রুত প্রয়োজনীয় মেরামত এবং স্থিতিশীল করার জন্য প্রক্রিয়াগুলিকে ত্বরান্বিত করবে। জলের স্তর উচ্চ থাকবে বলে ধারণা করা হচ্ছে এবং এর ফলে সমুদ্র উপকূলের বিস্তীর্ণ অঞ্চলের ক্ষয় হবে, যা উপকূলবর্তী অবকাঠামোগুলির ক্ষতি করবে এবং 2017 সালের বসন্তকালে হওয়া ঐতিহাসিক বন্যার মতো অবকাঠামোকে বিপন্ন করে তুলবে।

নতুন পারমিটটি DEC-এর ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে। 30 এপ্রিল, 2020 তারিখের মধ্যে, DEC আবেদন গ্রহণ করবে। জেনারেল পার্মিট (General Permit) কর্তৃপক্ষ 30 সেপ্টেম্বর, 2020 পর্যন্ত কার্যকর থাকবে।

অনুমোদিত কার্যক্রমের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

- ক্ষতিগ্রস্ত অবকাঠামোগুলির মেরামত এবং প্রয়োজনীয় সামগ্রীর প্রতিস্থাপন;
- বিদ্যমান পাবলিক রোড, ব্রিজ, ইউটিলিটি এবং অন্যান্য পাবলিক অবকাঠামোগুলির মেরামত বা প্রয়োজনীয় সামগ্রী দিয়ে পুনঃনির্মাণ;
- সাময়িক ব্রাসিং ও পাইলিংয়ের মাধ্যমে বিদ্যমান, চলমান ঝড় দ্বারা-ক্ষতিগ্রস্ত আবাস, ডেক এবং হাঁটার পথগুলিকে স্থিতিশীল করা;
- উপকূলের পলি জমে লেক অন্টারিও-এর শাখা নদীগুলির গতিপথ বন্ধ হয়ে গেলে তা সরানো।

যে সমস্ত বাড়ির মালিক এবং মিউনিসিপ্যালিটিসগুলির পারমিটগুলি সম্পর্কে প্রশ্ন আছে তারা আঞ্চলিক DEC পার্মিট প্রশাসক (Regional DEC Permit Administrator)-এর সাথে যোগাযোগ করতে পারেন।

এছাড়াও, স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন (Department of Transportation, DOT) ডিপার্টমেন্ট অব কারেকশন্স অ্যান্ড কমিউনিটি সুপারভিসন (Department of Corrections and

Community Supervision, DOCCS)-এর সহযোগিতায় লেক অন্টারিও-এর উপকূলে অবস্থিত আটটি কাউন্টিতে বালির বস্তা ভর্তি করার কার্যক্রম পরিচালনা করছে, যেখানে এই বিভাগ 5-12 জন যোগ্য বন্দীকে নিয়োগ করেছে, যারা প্রায় 170,000 বালির বস্তা ভরেছেন এবং একটি অ্যাকোয়াড্যাম মোতায়েনের জন্য কাজ করেছেন। পরিস্থিতির যেমন অগ্রগতি হবে, সেই হিসেবে ডিপার্টমেন্ট অব কারেকশন অ্যান্ড কমিউনিটি সুপারভিশন (DOCCS) অতিরিক্ত কর্মীদের পর্যাপ্ততা অব্যাহত রাখবে।

DOT এর ইন্সিডেন্ট কমান্ড সিস্টেম এই আবহাওয়ার জন্য সক্রিয় করা হয়েছে এবং রক্ষণাবেক্ষণের কর্মীরা বন্যার আশঙ্কায় হ্রদের উপকূল বরাবর কৌশলগত অবস্থানগুলিতে DHSES সরঞ্জাম, যেমন-জলের পাম্প এবং অ্যাকোয়াড্যাম নিয়োগ করছে। এছাড়াও কর্মীরা প্রতিক্রিয়া সরঞ্জাম প্রস্তুত করছে, নিচু এলাকায় নিষ্কাশন অবকাঠামো পরিদর্শন করছেন এবং ধ্বংসাবশেষের জন্য কালভার্টগুলি পরিদর্শন করছেন। সেইসাথে, নিউ ইয়র্ক স্টেট পাওয়ার অথরিটি অ্যান্ড ক্যানাল কর্পোরেশন (New York State Power Authority and Canal Corporation) প্রভাবিত কমিউনিটিসমূহে সংস্থান সরবরাহের জন্য সহায়তা প্রদান করেছে।

2017 সালে লেক অন্টারিও, নায়াগ্রা নদী (Niagara River)-এর নিম্নাংশ এবং সেন্ট লরেন্স নদী (St. Lawrence River)-এর উপকূল বরাবর জলের উচ্চ স্তরের ঘটনার পর, লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স উপকূল-এর জন্য স্টেট 95 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করেছে। পুনরুদ্ধার কর্মসূচিটি বন্যায় ক্ষতিগ্রস্ত বাসিন্দাদের, ক্ষুদ্র ব্যবসা এবং মিউনিসিপ্যালিটিসগুলির সহায়তার জন্য প্রাথমিকভাবে 45 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি প্রদানের মাধ্যমে শুরু হয়েছিল। পূর্ববর্তী ত্রাণকে শক্তিশালী করার এবং পুনরুদ্ধার প্রচেষ্টায় প্রয়োজনীয় আর্থিক সহায়তা প্রদানের জন্য স্টেট অ্যান্ড মিউনিসিপ্যাল ফ্যাসিলিটিস প্রোগ্রাম (State and Municipal Facilities Program) থেকে এটিকে দুইটি 5 মিলিয়ন মার্কিন ডলারের সম্পূরক অর্থ প্রদান করা হয়েছিল। 2018-19 সালের স্টেট বাজেটে পুনরুদ্ধার প্রোগ্রামের জন্য অতিরিক্ত 40 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত ছিল, যা সমুদ্র উপকূল পুনর্গঠন ও স্থিতিশীলতা এবং বন্যা ও সামুদ্রিক দেওয়াল জরুরি পুনর্নির্মাণের অর্থ পরিশোধ করার সমর্থন অব্যাহত রেখেছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন